

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১১.০০১.২৪-৩৪৬

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর, ২০২৪ খ্রি:

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ১১-০১-২০২৪ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩১.২৩ (অংশ)-০৪ নম্বর স্মারক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫-০১-২০২৪ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০১.২৪-২৫ নম্বর স্মারকের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ০৯ম গ্রেড (১ম শ্রেণি) ২২০০০-৫৩০৬০/= টাকা বেতনস্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নন-ক্যাডার সহকারী মহাপরিদর্শক (সেফটি) পদে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:


ক্র/নং	প্রার্থীর নাম ও স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	সুপারিশকৃত পদের নাম	রেজি: নং
১	জনাব আল হাসীব মো: তাসফিকুল ইসলাম পিতা-মো: খায়রুল ইসলাম মাতা: তাসলিমা ইসলাম গ্রাম: হরিপুর, ডাকঘর: ভারুয়াখালী, উপজেলা+জেলা: জামালপুর	১১৪ শান্তিবাগ, মালিবাগ, ঢাকা	সহকারী মহাপরিদর্শক (সেফটি)	১৮০০৪১৩৯

চাকরির শর্তসমূহ:

- এই পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তীর চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তীর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবে;
- যদি এই শিক্ষানবিশকালে তীর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকুরি হতে অপসারণ করা হবে;
- অধিদপ্তরের নিয়োগবিধির শর্তানুযায়ী সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিশকাল সন্তোষজনক সাপেক্ষে চাকরি স্থায়ী করা হবে;
- এই পদে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য হবে;
- প্রজ্ঞাপন জারীর তারিখ হতে নবনিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ১২-১২-২০২৪ তারিখের মধ্যে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় বরাবর যোগদান করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকরি করতে ইচ্ছুক নন মর্মে গণ্য হবে এবং তাদের নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
- সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাকে সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;
- চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;
- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর অধীন বাংলাদেশের যে কোন অফিসে তার চাকরি বদলীযোগ্য হবে এবং
- আবেদনপত্রের সাথে প্রদত্ত যে কোন তথ্য/কাগজপত্র/ছবি পরবর্তীতে ভুয়া প্রমানিত হলে তাকে বিনা নোটিশে চাকরীচ্যুত করা হবে।

০২। এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২০২১/২০২৪
(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১১.০০১.২৪-৩৪৫/(১০)

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর, ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।
- ৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
- ৬। সচিব-মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। জনাব-----
- ১০। গার্ড ফাইল/অফিস কপি।